



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২ নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা
www.bmeb.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ,
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.২৭.০০৯.২৩.৮০৪৯

তারিখ: ৪ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
১৯ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: শেরপুর জেলার শ্রীবরদী উপজেলাধীন কুরুয়া ইসলামিয়া আলিম মাদ্রাসার অনুমোদিত গভার্ণিং বডির বিরুদ্ধে অভিযোগ বিষয়ে সরেজমিনে তদন্ত করে প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে শেরপুর জেলার শ্রীবরদী উপজেলাধীন কুরুয়া ইসলামিয়া আলিম মাদ্রাসার অনুমোদিত গভার্ণিং বডির বিরুদ্ধে প্রতিষ্ঠাতার ছেলে জনাব লিয়াকত আলী তালুকদার একখানা অভিযোগ দাখিল করেছেন। অভিযোগ পর্যালোচনায় দেখা যায়, অধ্যক্ষ কাউকে না জানিয়ে গোপনে নির্বাচন কার্যক্রম পরিচালনা করেছেন মর্মে অভিযোগে উল্লেখ করেছেন (কপি সংযুক্ত)।

এমতাবস্থায়, অভিযোগকারীর অভিযোগের বিষয়ে প্রিজাইডিং অফিসার ব্যতিরেকে সরেজমিনে তদন্ত করে সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারীর বরাবর প্রেরণের অনুরোধ করা হলো।

১৯-১২-২০২৩
প্রফেসর মোঃ সিদ্দিকুর রহমান
চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) ও রেজিস্ট্রার (02-
58616681)
chairman@bmeb.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার, শ্রীবরদী, শেরপুর।

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.২৭.০০৯.২৩.৮০৪৯/১(৮)

তারিখ: ৪ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
১৯ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, শেরপুর;
- ২। জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, জেলা শিক্ষা অফিস, শেরপুর;
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, শ্রীবরদী, শেরপুর;
- ৪। সভাপতি, কুরুয়া ইসলামিয়া আলিম মাদ্রাসা, শ্রীবরদী, শেরপুর;
- ৫। সুপার, কুরুয়া ইসলামিয়া আলিম মাদ্রাসা, শ্রীবরদী, শেরপুর;
- ৬। জনাব লিয়াকত আলী তালুকদার, (অভিযোগকারী), কুরুয়া, শ্রীবরদী, শেরপুর;
- ৭। পি ও টু চেয়ারম্যান/পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এবং
- ৮। অফিস কপি।



সকল সংযুক্তিসমূহ:
(১) 113953.1

১৯২

১৯-১২-২০২৩
মোঃ ওমর ফারুক
উপ রেজিস্ট্রার

তারিখ: ১৪.১২.২০২৩ খ্রি.

বরাবর

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

বিষয়ঃ অনুমোদিত গভার্ণিং বডি গঠনে অনিয়ম হওয়ায় বাতিল প্রসঙ্গে।

জনাব,

বিনীত নিবেদন এই যে, শেরপুর জেলার শ্রীবরদী উপজেলাধীন কুরুয়া ইসলামিয়া আলিম মাদ্রাসার গভার্ণিং বডি নং-বামাশিবো/প্রশা/৩৩০২২১১৩৯৫৩১/৭৪৩১৮/নথি নং -০৩ তারিখ: ২৭-১১-২০২২ খ্রিঃ স্মারকে বোর্ড কর্তৃক অনুমোদন দেয়া হয়েছে। মাদ্রাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব মো: নুরে আলম সিদ্দিকী সহ অনুমোদিত গভার্ণিং বডির সভাপতি জনাব আবুল কাশেম তালুকদার যোগসাজশ করে কাউকে না জানিয়ে গোপনে নির্বাচনী কার্যক্রম পরিচালনা করে অবৈধভাবে কমিটি বোর্ড কর্তৃক অনুমোদন নিয়েছেন। এছাড়াও তিনি উক্ত মাদ্রাসার সভাপতি হয়ে তিনি অবৈধ নিয়োগ কার্যক্রমসহ বিভিন্ন প্রকার অনিয়ম করছেন।

এমতাবস্থায়, মহোদয়ের সমীপে আকুল আবেদন এই যে, উপরোক্ত বিষয়টি বিবেচনা করে অনুমোদিত গভার্ণিং বডি বাতিলে মহোদয়ের সুদৃষ্টি কামনা করছি।

বিনীত নিবেদক

লিয়াকত আলী তালুকদার

লিয়াকত আলী তালুকদার

প্রতিষ্ঠাতার ছেলে

মোবাইল নং- ০১৭২১৩৫০৪৩৯